গরম ইস্ত্রির ছ্যাঁকা দিয়ে শিশুকে নির্যাতন, টঙ্গীতে শিক্ষক গ্রেফতার



ছবি: সংগৃহীত

গাজীপুরের টঙ্গীতে নয় বছর বয়সী এক মাদরাসাছাত্রকে গরম ইস্ত্রি দিয়ে নির্যাতনের অভিযোগে শিক্ষক রাব্বি হোসেনকে (২৫) গ্রেফতার করেছে পুলিশ। তিনি চেরাগআলী এলাকার মিফতাহুল মাদরাসায় শিক্ষক হিসেবে কর্মরত ছিলেন।

রোববার (৮ নভেম্বর) রাতে শিশুটির পরিবারের পক্ষ থেকে থানায় অভিযোগ দেওয়ার পর তাকে গ্রেফতার করা হয়।

পরিবারের অভিযোগ, গত ৪ নভেম্বর বিকেলে মাদরাসায় থাকা অবস্থায় শিক্ষক রাব্বি হোসেন গরম ইস্ত্রি দিয়ে শিক্ষার্থী মো. ওসমান গণি নাঈমের নিতম্বে ছ্যাঁকা দেন। পরদিন ৫ নভেম্বর সন্ধ্যায় মা তাকে বাড়িতে নিতে গেলে নির্যাতনের ঘটনাটি খুলে বলে শিশুটি।

পরে ওই রাতেই শিশুটির মা টঙ্গী পূর্ব থানায় লিখিত অভিযোগ জমা দেন। পুলিশ অভিযুক্ত শিক্ষককে থানায় নিয়ে জিজ্ঞাসাবাদ করে। পরবর্তী সময়ে মামলা হলে তাকে গ্রেফতার দেখানো হয়।

টঙ্গী পূর্ব থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাকছুদুল আলম জানান, প্রাথমিক জিজ্ঞাসাবাদে অভিযুক্ত শিক্ষক ঘটনার দায় স্বীকার করেছেন। শিশুটির মায়ের করা মামলায় তাকে গ্রেফতার করা হয়েছে। তাকে আদালতে পাঠানোর প্রস্তুতি চলছে।